নত্বমকামত্বঞ্চ সংজ্ঞাপিতম্। মত্তোঽপ্যনন্তাৎ পরতঃ পরস্মাৎ স্বর্গাপবর্গাধিপতের্ন কিঞ্চিৎ। যেষাং কিমু স্যাদিতরেণ তেষামকিঞ্চনানাং ময়ি ভক্তিভাজামিতি শ্রীঋষভদেববাক্যম্। অকামঃ সর্ব্বকামো বা ইত্যাদেশ্চ। তথা ইয়মেবৈকান্তিতেত্যপ্যুচ্যন্তে। একান্তিনো যস্য ন কঞ্চনার্থং বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্না ইতি গজেন্দ্রবাক্যাৎ এবং প্রলোভ্যমানোঽপি বরৈর্লোকপ্রলোভনৈঃ। একান্তিত্বাং ভগবন্তি নৈচ্ছত্তানসুরোত্তম ইতি নারদবাক্যাচ্চ। অতএবোক্তম গারুড়ে—একান্তেন সদাবিষ্ণৌ যস্মাদেব পরায়ণাঃ। তস্মাদেকান্তিনঃ প্রোক্তাস্তদ্ভাগবতচেতস ইতি। এষা এবোপদিষ্টা শ্রীগীতোপনিষৎসু, ভক্ত্যা ত্বনন্যয়া শক্য অহমেবংবিধোঽর্জ্জুন। জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ। মৎকর্ম্মকৃৎ মৎপরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিত। নির্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডবেতি। মৎকর্ম্ম শ্রবণ-কীর্ত্তনাদি। অহমেব পরমঃ সাধনত্বেন সাধ্যতেন চ যস্য। অতএব সাধন-সাধ্যান্তরসঙ্গবিবর্জিত ইতি ব্যাখ্যোয়ম্। ইমামেব ভক্তিমাহ—তস্মাদর্থাশ্চ কামাশ্চ ধর্ম্মাশ্চ যদপাশ্রয়া। ভজতানীহয়াত্মানমনীহং হরিমীশ্বরম্॥ ১৬৫॥

যদপাশ্রয়া যদধীনা তং হরিমিত্যন্বয়ঃ। অনীহয়া কামনাত্যাগেন। অনীহত্বং তথৈব কামনাশূন্যম্। ইচ্ছাকাঙ্খাস্পৃহাতৃড়িত্যমরঃ ॥ ৭॥৬॥ শ্রীপ্রহ্লাদঃ অসুরবালকান্॥ ১৬৫॥

যথাকথঞ্চিদ্ভজন এবং সম্যক-ভজনের পুনঃ পুনঃ অনুশীলন ব্যাখ্যাত হইয়াছেন। তাহা হইলে পূর্ব্ববর্ণিতপ্রকারে সাক্ষাৎভক্তিরূপে ভগবৎ-সান্মুখ্যই শ্রীমদ্ভাগবত মতে যে অভিধেয়বস্তু, তাহাই সিদ্ধান্তিত হইলেন। যেহেতু ভগবদ্ভজনই শ্রীভগবানে অর্পিত ধর্ম্মাদির মুখ্যসাধ্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন। যদি শ্রীভগবানে অর্পিত ধর্ম্মের দ্বারা তাঁহার কথাতে রুচি না জন্মায়, তাহা হইলে ঐ ধর্ম্মকে নিষ্ফল বলিয়া উল্লেখ করা হইয়াছে। ভক্তিবিনা কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতি নিখিল সাধনেরই অকিঞ্চিৎকরতা উল্লেখ করা হইয়াছে। অথচ ভক্তির স্বতন্ত্রভাবে নিখিল সাধনের মুখ্য-ফলপ্রদানে সামর্থ্য প্রকাশ করা হইয়াছে। ভক্তি লেশমাত্রে এবং নিজ আভাসাদি দ্বারাও পরমার্থবস্তু-পর্য্যন্তের প্রাপক বলিয়া উল্লিখিত আছে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারিটি বর্ণের এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বাণপ্রস্থ ও সন্ন্যাস এই চারিটি আশ্রমেরও নিত্যকর্ত্তব্যরূপে ইহার নির্দ্দেশ আছে। এই ভক্তিই অন্যনিরপেক্ষবিশুদ্ধস্বরূপ রূপে উল্লেখ থাকায় ইহারই অপর নাম অনন্যতা। শ্রীভগবদ্গীতায়—

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥
যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতা।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥